দৈনিক খবর ৩৫

তারিখ 11 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ৬

২৫

৫৭ জন গ্রেফতার

# ফরিদপুর পলিটেকনিকে সবাই ফেল করায় হাঙ্গামা ভাঙচুর

বাসস জানায়, ফরিদপুর পলিটেকনিক ইন্সটিটিউট ক্যাম্পাসে বিশৃংখল কার্যকলাপ এবং সরকারী সম্পত্তি বিনষ্টের অপরাধে পুলিশ শনিবার রাতে ইন্সটিটিউটের ৫৭ জন ছাত্রকে গ্রেফতার করেছে।

পুলিশ সূত্র জানায়, ডিপ্লোমা পরীক্ষার ফল প্রকাশের পর ছাত্ররা ক্ষিপ্ত হয়ে ওঠে। পরীক্ষায় কেউ পাস করেনি। কারিগরি শিক্ষা বোর্ডের নেয়া এই পরীক্ষায় অসদুপায় অবলম্বের জন্যে নাম্বার কেটে নেয়ায় এই ফলাফল দাঁড়ায়।

ক্রুদ্ধ ছাত্ররা অধ্যক্ষের কক্ষ তছনছ

২ এর পাতায় দেখুন

## ফরিদপুর পলিটেকনিকে

প্রথম পৃষ্ঠার পর

করে এবং আগুন ধরিয়ে দেয়। পুলিশ পরিস্থিতি আয়ত্তে আনে। কর্তৃপক্ষ ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করেছেন এবং ছাত্রদের হল ছেড়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন। গোলযোগ দমনের জন্যে ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়। ছাত্ররা রাতে গোলযোগ এবং ভাঙচুর শুরু করলে পুলিশ তাদের গ্রেফতার করে।